

স্মারক নং- ৫১.০১.৭০৬৮.০২৪.৪১.০০১.১৪/ ২৭২(২)

তারিখঃ- ০৪/০৩/২০১৫ খ্রিঃ।

বিষয়ঃ- “বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে ২০১৪-২০১৫ অর্থ বছরে “পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে ছোট ছোট (১২ মিঃ দৈর্ঘ্য পর্যন্ত) সেতু/কালভার্ট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের আওতায় নির্মাণাধীন সেতু/কালভার্টের কাজ সমাপ্ত ও চূড়ান্ত প্রাক্কলন দাখিল প্রসংগে।

সূত্রঃ অত্র অধিদপ্তরের স্মারক নং ৫১.০১.০০০০.০২৪.১৪.০০৪.১৩.১০০৩(৭৫), তারিখঃ ১৫/১২/২০১৪খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, “পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে ছোট ছোট (১২ মিঃ দৈর্ঘ্য পর্যন্ত) সেতু/কালভার্ট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের অধীন উপজেলায় অনুমোদিত সেতু/কালভার্টের নির্মাণ কাজ পরিপত্রের অনুচ্ছেদ ২.৬ ও ৪.৩ মোতাবেক সর্বশেষ ১৫ই এপ্রিল/২০১৫ মধ্যে সমাপ্ত করে ৩০শে এপ্রিল/২০১৫ এর মধ্যে চূড়ান্ত প্রাক্কলন অত্র অধিদপ্তরে অবশ্যই দাখিল করতে হবে। একনেক কর্তৃক সর্বশেষ অনুমোদিত ডিপিপি ও মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বাস্তবায়ন পরিপত্রের অনুচ্ছেদ ৪.৩ মোতাবেক কোনক্রমেই চূড়ান্ত প্রাক্কলন অনুমোদন ছাড়া সর্বশেষ কিস্তির অর্থ ছাড় করা হবে না। চূড়ান্ত প্রাক্কলন দাখিলের সময় সংগে নিম্নবর্ণিত তথ্যাদি/কাগজপত্র দাখিল করতে হবে। অন্যথায় চূড়ান্ত প্রাক্কলন অনুমোদন করা যাবে না।

- (ক) চূড়ান্ত প্রাক্কলন হ্রাস/বৃদ্ধি পাইলে উপজেলা হতে দেয়া পত্রে তাহার বিবরণ বিস্তারিতভাবে উল্লেখ করতে হবে।
  - (খ) চূড়ান্ত প্রাক্কলন ০২(দুই) প্রস্থ দাখিল করতে হবে। প্রাক্কলনে উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এর মূল স্বাক্ষর থাকবে, স্বাক্ষর ফটোকপি হলে গ্রহণযোগ্য হবে না।
  - (গ) সেতু/কালভার্ট নির্মাণের স্বচ্ছ (Hard copy & Soft copy) রঞ্জীন ছবি দাখিল করতে হবে যাতে ভীতের রডের ছবি, দেয়াল নির্মাণের পরের ছবি, টপ স্লাবের রডের ছবি সংশ্লিষ্ট থাকবে। কাজটি ১০০% সমাপ্ত হওয়ার পর দুই পার্শ্বের এ্যাপ্রোচ রোড এবং পাথরের নাম ফলকসহ সেতু/কালভার্টের একটি পরিপূর্ণ ছবি।
  - (ঘ) উপজেলা নির্বাহী অফিসার ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে সেতুটির নির্মাণের বিষয়ে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী কাজ হয়েছে কিনা, কাজের গুনগতমান রক্ষা হয়েছে কিনা এবং সেতুটির সংযোগ রাস্তার কাজ সমাপ্ত করণ পূর্বক যোগাযোগের উপযোগী করা হয়েছে কিনা এ বিষয়ে প্রত্যয়ন পত্রে উল্লেখ করতে হবে।
- ২। উল্লিখিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করে প্রাক্কলন দাখিলে ব্যর্থ হলে এবং তার জন্য বরাদ্দকৃত অর্থ ভামাদি হলে এর দায়-দায়িত্ব অধিদপ্তর বহন করবে না।
- ৩। বিষয়টি অতীব জরুরী।

(মোহাম্মদ আবদুল ওয়াজেদ)  
মহাপরিচালক ও প্রকল্প পরিচালক  
(অতিরিক্ত সচিব)  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
ফোনঃ ৯৮৪১৫৮১  
e-mail: [dg@ddm.gov.bd](mailto:dg@ddm.gov.bd)

- ১। উপজেলা নির্বাহী অফিসার, ....., জেলা- .....
- ২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ....., জেলা- .....

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.৪১.০০১.১৪/

তারিখঃ /০৩/২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, .....
- ৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ..... জেলা। তাঁকে যথাসময়ে চূড়ান্ত প্রাক্কলন দাখিলের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। সংরক্ষণ নথি।